উদ্ভাবনী মেলা ও শোকেসিং ২০১৯

# উদ্ভাবনী মেলা ও শোকেসিং ২০১৯



সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

## সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের উল্লেখযোগ্য উদ্ভাবনী উদ্যোগসমূহের সংক্ষিপ্ত বিবরণ

### সুরক্ষা সেবা বিভাগ

| উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্যোগের বিবরণ | বাস্তবায়িত/বাস্তবায়নাধীন |
|---|---|---|
| স্পেনে গমনেচ্ছু বাংলাদেশী নাগরিকগণের অনুকূলে পুলিশ ক্লিয়ারেন্স অনলাইনে ইস্যুকরণ | ই-নথির নাগরিক কর্নারের মাধ্যমে সেবা প্রত্যাশী প্রয়োজনীয় ডকুমেন্টসহ আবেদন করবেন। যথাযথ প্রক্রিয়া শেষে প্রাপ্ত পুলিশ ক্লিয়ারেন্স/অনুমতি পত্র ওয়েব পোর্টাল এবং ই-মেইলের মাধ্যমে সেবা প্রত্যাশী প্রতিষ্ঠানকে প্রেরণ করা হবে। ট্র্যাকিং নম্বরের মাধ্যমে আবেদনের সর্বশেষ অবস্থা জানা যাবে। | বাস্তবায়িত |
| বাংলাদেশী পাসর্পোট বিদেশে প্রেরণের / বহনের ক্ষেত্রে অনলাইনে আবেদন গ্রহণ ও অনুমতি প্রদান | | |

### কারা অধিদপ্তর

| উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্যোগের বিবরণ | বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন |
|---|---|---|
| প্রিজন লিংক ('স্বজন') স্থাপন | কারাবন্দিদের সঙ্গে আত্মীয় স্বজনদের নির্ধারিত সময় পরপর মোবাইলে কথা বলার সুযোগ প্রদানের জন্য পাইলট প্রজেক্ট হিসেবে এটুআই এর সহযোগিতায় টাঙ্গাইল জেলা কারাগারে 'প্রিজন লিংক (স্বজন)' শীর্ষক ফোনবুথ স্থাপনপূর্বক মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। পর্যায়ক্রমে সকল কারাগারে রেপ্লিকেশনের জন্য প্রকল্প প্রণয়ন করা হচ্ছে। | পাইলটিং বাস্তবায়িত |
| জামিনের তালিকা ইলেক্ট্রনিক ডিসপ্লেতে প্রদর্শন | বন্দির স্বজনদের জামিনপ্রাপ্ত বন্দির তথ্য জানাতে কাগজে লিখিত জামিনের তালিকার পরিবর্তে সহজে দৃষ্টিগ্রাহ্য ইলেকট্রনিক ডিসপ্লের মাধ্যমে প্রদর্শনের উদ্যোগ নেয়া হয়েছে। | বাস্তবায়িত |
| মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা জমাদান | বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা জমা দিতে তাদের স্বজনদের অনেক সময় দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়। এ দুর্ভোগ নিরসনে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বন্দিদের ব্যক্তিগত ক্যাশে টাকা জমাদানের ব্যবস্থা প্রবর্তনের উদ্যোগ নেয়া হয়েছে। | বাস্তবায়নাধীন |
| কারা হাসপাতালে ডিজিটাল মেডিকেল রেকর্ড কিপিং সিস্টেম চালুকরণ | টাঙ্গাইল জেলা কারাগারের কারা হাসপাতালে আগত বন্দিদের জন্য Inmates Medical Record File ডিজিটালি তৈরী করে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। | পাইলটিং বাস্তবায়িত |
| Prisoners' Database প্রস্তুতকরণ | কারা অধিদপ্তর এবং UNODC-এর যৌথ উদ্যোগে কারা বন্দীদের জন্য একটি ডেটাবেইজ প্রস্তুতকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | বাস্তবায়নাধীন |
| আল্ট্রাভায়োলেট হিডেন সিল | কারাভ্যন্তরে ভিজিটর ও বহিরাগতদের প্রবেশের ক্ষেত্রে সাধারণ কালি দিয়ে যে সিল দেয়া হয় তা সহজে মুছে ফেলা বা কোন অসৎ উদ্দেশ্যে কারসাজির মাধ্যমে কারা নিরাপত্তা বিঘ্নিত করা সম্ভব। আল্ট্রাভায়োলেট হিডেন সিল ব্যবহৃত হলে ভিজিটর/বহিরাগত এবং বন্দির নিরাপত্তা প্রদান সহজ হবে। | বাস্তবায়িত |

### ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

| উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্যোগের বিবরণ | বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন |
|---|---|---|
| প্রবাসী বাংলাদেশীদের নিকট কম সময়ে পাসপোর্ট প্রেরণ | কূটনৈতিক ব্যাগের মাধ্যমে বিদেশে পাসপোর্ট প্রেরণের ক্ষেত্রে পূর্বে অনেক বেশী সময়ের প্রয়োজন হতো। এ সমস্যা সমাধানকল্পে আন্তর্জাতিক কুরিয়ার সার্ভিস FedEx এর মাধ্যমে ২-৫ দিনের মধ্যে প্রবাসী বাংলাদেশীদের নিকট পাসপোর্ট পৌঁছানো সম্ভব হচ্ছে। | বাস্তবায়িত |
| ডিজিটাল ডিসপ্লে বোর্ডের মাধ্যমে তথ্য সহায়তা প্রদান | পাসপোর্ট সেবা প্রার্থীদের জন্য অফিসের দর্শনীয় স্থানে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের মাধ্যমে আবেদনপত্র পূরণের প্রয়োজনীয় শর্ত ও তথ্যাবলী প্রর্দশন করা হচ্ছে। | বাস্তবায়িত |
| ডিজিটাল সিস্টেমে Queue (কিউ) ব্যবস্থাপনা চালু করা | অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ভিসা সেবা প্রার্থীদের মানসম্মত সেবা প্রদানের লক্ষ্যে ইলেকট্রনিক কিউ ব্যবস্থা চালু করা হয়েছে। ভিসা শাখায় আগত বিদেশি নাগরিকরা ই-টোকেন গ্রহণ করে নির্দিষ্ট সময়ে সুশৃঙ্খল পরিবেশে ভিসা সংক্রান্ত সেবা গ্রহণ করতে পারছেন। | বাস্তবায়িত |
| পাসপোর্ট সহায়িকা অ্যাপস্ তৈরী | পাসপোর্ট সহায়িকা অ্যাপসের মাধ্যমে আবেদন কারী মোবাইলেই পাসপোর্ট সংক্রান্ত প্রয়োজনীয় সকল তথ্য পাবেন। এতে দালালের প্রভাব রোধ করা সম্ভব হবে। | বাস্তবায়নাধীন |
| 'পেপারলেস পাসপোর্ট ইস্যু ও বিতরণ প্রক্রিয়া' ব্যবস্থাপনা চালু করা | বিদ্যমান ২০টি ধাপের পরিবর্তে ১০টি ধাপে পুরো প্রক্রিয়া সম্পন্ন করা যাবে। সহজ ও সুশৃঙ্খলভাবে এবং দ্রুততম সময়ে পাসপোর্ট ইস্যু ও বিতরণ করা সম্ভব হবে। | বাস্তবায়নাধীন |
| প্রধান কার্যালয়ে হেল্পলাইনসহ 'কেন্দ্রীয় তথ্য কেন্দ্র স্থাপন' | হেল্পলাইনসহ 'কেন্দ্রীয় তথ্য কেন্দ্র স্থাপন' চালু করা হলে দূর দূরান্ত থেকে কেবল পাসপোর্ট সংক্রান্ত তথ্য জানতে বিভাগীয় ও জেলা কার্যালয়ের অফিসে যেতে হবে না। হেল্প লাইনে ফোন করেই প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা যাবে। | বাস্তবায়নাধীন |
| সুপার এক্সপ্রেস পাসপোর্ট সার্ভিস চালু করা | অতি জরুরি প্রয়োজনে রি-ইস্যু পাসপোর্ট আবেদন ৪৮ ঘন্টায় প্রদানের ব্যবস্থা করা। | বাস্তবায়নাধীন |

### মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

| উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্যোগের বিবরণ | চলমান/ বাস্তবায়িত |
|---|---|---|
| Online Patient Management System | সারাদেশে নিরাময় কেন্দ্রে ভর্তিকৃত রোগীদের হাল অবস্থা Real Time এ জানার জন্য Online Patient Management System সিস্টেম চালু করা। | বাস্তবায়িত |
| Digital Anti-narcotics Campaign | ফেসবুক/ইউটিউবের মাধ্যমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কতৃক নির্মিত মাদক বিরোধী নাটক-নাটিকা, প্রামাণ্যচিত্র, ফিলার ইত্যাদি প্রচার করা। এছাড়া এলইডি ও কিওস্ক এর মাধ্যমেও উক্ত নাটক-নাটিকা, প্রামাণ্যচিত্র ও ফিলার প্রচারের ব্যবস্থা করা। | বাস্তবায়িত |
| ডিএনসি প্রধান কার্যালয়ে স্মার্ট ফ্রন্টডেস্ক | সরাসরি/ফোনে/ইমেইলে সেবা প্রার্থীর অনুসন্ধান অনুরোধ গ্রহণপূর্বক সংশ্লিষ্ট ডেস্ক অফিসারের নিকট হতে তথ্য সংগ্রহক্রমে অনুসন্ধানকারীকে সরাসরি/ফোনে/ইমেইলে প্রদান করা। | বাস্তবায়নাধীন |
| ডিএনসি লাইভ অপারেশনস মনিটরিং | মাঠ পর্যায়ে/জেলা পর্যায়ে যে কোন অভিযানের সময় একটা Weblink/Andorid App এর মাধ্যমে User Friendly Form এ Operations সংক্রান্ত তথ্য প্রদান করলে প্রধান কার্যালয়ে Google Map এর API ব্যবহার করে Map এ Operations এর ধরণ অনুযায়ী নিদিষ্ট স্থানসমূহে বিভিন্ন রঙ ব্লিংক করবে এবং এ সংক্রান্ত রিপোর্ট তৎক্ষনাৎ প্রিন্ট করা যাবে। | বাস্তবায়নাধীন |
| এডিকশন প্রফেশনালদের ইকো প্রশিক্ষণ | সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসায় নিয়োজিত এডিকশন প্রফেশনালদের মধ্য হতে কমপক্ষে ২৫০ জনকে ইকো প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা গ্রহণ। | বাস্তবায়িত |

### ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

| উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্যোগের বিবরণ | বাস্তবায়িত/ বাস্তবায়নাধীন |
|---|---|---|
| ই-ফায়ার লাইসেন্স (e-Fire License) চালুকরণ | ই-ফায়ার লাইসেন্স (e-Fire License) চালুকরণের মাধ্যমে অনলাইনে ফায়ার লাইসেন্স প্রদান। | বাস্তবায়িত |
| অনলাইনে বহুতল ভবনের অনাপত্তি সনদ | প্রস্তাবিত বহুতল ভবন নির্মাণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রদত্ত অনাপত্তি সনদ অনলাইনের মাধ্যমে প্রদান। | বাস্তবায়িত |
| অনলাইন/ ওয়েব-বেইজড হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ | অনলাইনের মাধ্যমে সকল কর্মকর্তা-কর্মচারীর তথ্যসম্বলিত ডাটাবেইজ চালুকরণ। | বাস্তবায়িত |
| ফায়ার সেফটি ট্রেনিং ও মহড়ার দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ | বেসরকারি প্রতিষ্ঠানসমূহে ফায়ার সেফটি ট্রেনিং সংক্রান্ত দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ। | বাস্তবায়নাধীন |
| ০৬ মাস মেয়াদি ফায়ার ডিপ্লোমা কোর্স এর দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্সে ৬ মাস মেয়াদি ফায়ার ডিপ্লোমা কোর্সে ভর্তি সংক্রান্ত কার্যক্রম অনলাইনকরণ। | বাস্তবায়নাধীন |
| অগ্নিকাণ্ড ও দুর্ঘটনার ডাটাবেজ | অগ্নিকাণ্ড ও দুর্ঘটনার ডাটাবেজ ও প্রতিবেদন অনলাইনে তৈরিকরণ। | বাস্তবায়নাধীন |



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দেশব্যাপী কিয়স্ক এর মাধ্যমে মাদকবিরোধী প্রচার কার্যক্রমের উদ্বোধন করেন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব মোঃ শহিদুজ্জামান, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।




ই-ফায়ার লাইসেন্স কার্যক্রমের শুভ উদ্বোধন করেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের তদানীন্তন মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আলী আহম্মেদ খান



'নাগরিক সেবায় উদ্ভাবন: ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের উদ্ভাবন কর্মপরিকল্পনা ও করণীয়' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি মেজর জেনারেল মোঃ সোহায়েল হোসেন খান, মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর




আত্মীয় স্বজনের সাথে কারাবন্দিদের কথা বলার সুযোগ প্রদানের জন্য টাঙ্গাইল জেলা কারাগারে স্থাপিত প্রিজন লিংক 'স্বজন' শুভ উদ্বোধন করেন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান।



আত্মীয় স্বজনের সাথে কারাবন্দিদের কথা বলার সুযোগ প্রদানের জন্য স্থাপিত ফোন বুথ।

## সুরক্ষা সেবা বিভাগ
## স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ০২-৯৫১১০৮৮, ফ্যাক্স : ০২-৯৫৭৪৪৯৯
www.ssd.gov.bd /ssd.moha.bd

প্রকাশকাল : জুন ২০১৯